বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।

ফোনঃ ০২-৯০০২৮৮৮
Email: gmsc@krishibank.org.bd
dgmti@krishibank.org.bd

নং বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৮-১৯/ ১৮১ তারিখঃ ০৫/০৯/২০১৮ ইং

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/সিলেট/কুমিল্লা/বরিশাল/ফরিদপুর/ময়মনসিংহ ও কুষ্টিয়া।

বিষয়ঃ **বাংলাদেশ কৃষি ব্যাংকের এসবিএস-২, ৩ এবং আইএসএস রিপোর্ট এর উপর বিভাগীয় কার্যালয় সমূহে ব্যবহারিক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বিকেবি, প্রধান কার্যালয়ের গবেষণা ও পরিসংখ্যান বিভাগের ০৩.০৯.২০১৮ ইং তারিখের পত্র নং বিকেবি/প্রকা/গবে ও পরি-২৭/২০১৮-১৯/১৪৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের অনুরোধের ভিত্তিতে কৃষি ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়ে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী "এসবিএস-২, ৩ এবং আইএসএস রিপোর্ট" প্রণয়ন শীর্ষক ব্যবহারিক প্রশিক্ষণের নিমিত্তে বিকেবি'র প্রতিটি শাখা হতে একজন কর্মকর্তা/কর্মচারী (সংশ্লিষ্ট রিপোর্ট প্রস্তুতকারী), মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে একজন কর্মকর্তা/ কর্মচারী (সংশ্লিষ্ট রিপোর্ট প্রস্তুতকারী) এবং বিভাগীয় কার্যালয়ের একজন কর্মকর্তা/কর্মচারী (সংশ্লিষ্ট রিপোর্ট প্রস্তুতকারী) কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

**এসবিএস-২, ৩ এবং আইএসএস (ISS) রিপোর্টিং এর প্রশিক্ষণ কর্মসূচী**

| ক্রঃ নং | বিভাগের নাম | তারিখ ও বার | সময় | প্রশিক্ষণ স্থান | সমন্বয়কারীর নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | চট্টগ্রাম | ০৭/০৯/১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম অনুমোদিত স্থান | মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |
| ০২ | কুমিল্লা | ০৮/০৯/১৮ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, কুমিল্লা অনুমোদিত স্থান | মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |
| ০৩ | বরিশাল | ১৪/০৯/১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, বরিশাল অনুমোদিত স্থান | সৈয়দ শাকিল আহমেদ আলমগীর, মুখ্য কর্মকর্তা |
| ০৪ | খুলনা | ১৫/০৯/১৮ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, খুলনা অনুমোদিত স্থান | মোহাম্মদ আজিজুর রহমান ফকির, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |
| ০৫ | ফরিদপুর | ২১/০৯/১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, ফরিদপুর অনুমোদিত স্থান | মুহাম্মদ মাজহারুল ইসলাম, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |
| ০৬ | কুষ্টিয়া | ২২/০৯/১৮ শনিবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া অনুমোদিত স্থান | মুহাম্মদ মাজহারুল ইসলাম, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) |
| ০৭ | ময়মনসিংহ | ২৮/০৯/১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ অনুমোদিত স্থান | মোহাম্মদ মোসাওয়ার হোসেন, অনুষদ সদস্য (এসপিও) |
| ০৮ | ঢাকা | ২৯/০৯/১৮ শনিবার | ৯.৩০ | ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা | মোছাঃ আখিয়ারা খানম, উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম) ও মোছাঃ হাবিবা সুলতানা রেবা, অনুষদ সদস্য (এসপিও) |
| ০৯ | সিলেট | ০৫/১০/১৮ শুক্রবার | ৯.৩০ | বিভাগীয় কার্যালয়, সিলেট অনুমোদিত স্থান | নজির আহমেদ, উপ-মহাব্যবস্থাপক |

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৩। বর্নিত প্রশিক্ষণ কর্মশালা সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) বিভাগীয় কার্যালয়সমূহে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন নেয়া হয়েছে। প্রশিক্ষণ আয়োজনের জন্য স্থানীয়ভাবে শ্রেণীকক্ষ/অডিটরিয়াম, প্রজেক্টর ও মাল্টিমিডিয়া, ইন্টারনেট কানেকশন, মাইক ভাড়া করা, ব্যানার তৈরী, ফাইল, কাগজ-কলম ক্রয় ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য থোক বরাদ্দ মোট ২,০০০/- (দুই হাজার) টাকা এবং প্রশিক্ষণার্থীদের সকাল, দুপুর ও রাতের খাবার এবং ক্লাশ চলাকালীন সময়ে দুইবার চা-নাস্তা বাবদ জন প্রতি প্রতিদিন বরাদ্দ (৬৫+১১৫+৭৫+৯৫) ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা খরচ করা যাবে।

এছাড়া, স্থানীয় প্রশিক্ষক অথবা অতিথি বক্তা হিসাবে যারা ক্লাশ পরিচালনা করবেন তাদের ক্লাশ প্রতি উপ-ব্যবস্থাপনা পরিচালক/ মহাব্যবস্থাপকদের সম্মানী- ৩,০০০/- টাকা (প্রতি ক্লাশ), উপ-মহাব্যবস্থাপকদের সম্মানী- ২,০০০/- টাকা (প্রতি ক্লাশ), সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,৫০০/- টাকা (প্রতি ক্লাশ, মুখ্য কর্মকর্তা/ তদনিম্ন কর্মকর্তা প্রশিক্ষকদের সম্মানী-১,০০০/- টাকা (প্রতি ক্লাশ) হারে সম্মানী বিকেবি স্টাফ কলেজের পক্ষে প্রদান করা যাবে। উক্ত খরচসমূহ কোর্স সমাপ্তির পর প্রধান কার্যালয় বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে স্টাফ কলেজ শাখার উপর ডেবিট এ্যাডভাইস ইস্যু করে স্থানান্তরের ব্যবস্থা নিতে হবে (সকল খরচের ভাউচার সংযুক্ত করতে হবে)। তবে হিসাব সমন্বয়ের সুবিধার্থে ডেবিট এ্যাডভাইসটি অন্যান্য সংযুক্তিসহ বিকেবি স্টাফ কলেজের বরাবরে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। বর্নিত অবস্থার প্রেক্ষিতে বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য এসবিএস-২ ও ৩ এবং আইএসএস রিপোর্টিং সংক্রান্ত প্রশিক্ষণ-কর্মশালা বিভাগীয় পর্যায়ে পরিচালনা এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন শীর্ষক প্রশিক্ষণ কোর্সটির সংযুক্ত সময়সূচী অনুযায়ী সফল করার লক্ষ্যে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

এতদসংক্রান্ত কোন পরামর্শ আবশ্যক মনে করলে অত্র স্টাফ কলেজ এর উর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্বয়) জনাব মোহাম্মদ আজিজুর রহমান ফকির (মোবাইল- ০১৭১৬-১৭৯৪৯৯) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(নজির আহ্‌মেদ) ০৫/৯/১৮
উপ-মহাব্যবস্থাপক

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০১৮-১৯/ ১৬৪(৭০)

তারিখঃ ০৫/০৯/২০১৮ ইং

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। উপ-মহাব্যবস্থাপক, এইচআরএমডি-৪/ গবেষণা ও পরিসংখ্যান বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।

**পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**

৬। সংশ্লিষ্ট কোর্সের কোর্স সমন্বয়কারী, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৭। নথি/মহানথি।

০৫.০৯.১৮

(মুহাম্মদ মাজহারুল ইসলাম)
উর্ধ্বতন অনুষদ সদস্য (এজিএম)